

ভিসা ছাড়াই মঙ্গোলিয়া যেতে পারবেন অফিসিয়াল পাসপোর্টধারীরা

- A Monitor Desk Report

Date: 04 June, 2024



ডিপ্লোম্যাটিক ও অফিসিয়াল পাসপোর্টধারীরা ভিসা ছাড়াই মঙ্গোলিয়া যেতে পারবেন। এ লক্ষ্যে বাংলাদেশ ও মঙ্গোলিয়া সরকারের মধ্যে মিউচুয়াল এক্সামশন অব ভিসা রিকয়ারমেন্টস চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

সোমবার (৩ জুন) প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে এই খসড়ার অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে সচিবালয়ে ব্রিফিংয়ে মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন এ তথ্য জানান।

মন্ত্রিপরিষদ সচিব বলেন, ‘সুরক্ষা ও সেবা বিভাগ থেকে প্রস্তাব করা হয়েছিল। ২৯টি দেশের সঙ্গে এ রকম চুক্তি আছে। এটি নিয়ে আজকে ৩০টি হলো। যারা ডিপ্লোম্যাটিক এবং অফিসিয়াল পাসপোর্টের অধিকারী হবেন তারা ভিসা ছাড়াই ৩০ দিন পরস্পর দেশে ভ্রমণ করতে পারবেন।’

-B